গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-৪৭/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ১৬ অক্টোবর, সোমবার ২০২৩, ৩১ আশ্বিন ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। আমদানি করা ডিম দেশে আসবে এ সপ্তাহেই, জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী

০২। জামালপুরে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

০৩। ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

০৪। সনাতন ধর্মাবলম্বীদের পূজা-অর্চনা চলছে

০৪। ময়মনসিংহের ত্রিশালে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে অবৈধ পার্কিং ও থ্রি হুইলার বন্ধে অভিযান

### ০১। আমদানি করা ডিম দেশে আসবে এ সপ্তাহেই, জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী

আগামী তিন থেকে চার দিনের মধ্যে আমদানিকৃত ডিম দেশে পৌঁছাবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। রবিবার (১৫ অক্টোবর) রাজধানীর ধানমন্ডি লেক সংলগ্ন ১৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ের সামনে সরকারি বিপণন সংস্থা টিসিবির দেশব্যাপী অক্টোবর মাসের এক কোটি ফ্যামিলি কার্ডধারীদের নিকট চালসহ টিসিবির পণ্য সাশ্রয়ীমূল্যে বিক্রয় কার্যক্রমের উদ্বোধন শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। এ সময় আলুর বাজার মনিটরিং এর পর যদি আলুর দাম আরো ঊর্ধ্বগতির দিকে যায় তাহলে কৃষিমন্ত্রীর সাথে আলোচনা করে প্রয়োজনে সরকার আলু আমদানির উদ্যোগ নেবে বলেও জানান মন্ত্রী। সূত্র: দৈনিক স্বজন।

### ০২। জামালপুরে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উদ্যোগে জামালপুরের গণমাধ্যমকর্মীদের নিয়ে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। জামালপুর জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে রবিবার (১৫ অক্টোবর) এ সেমিনারের আয়োজন করা হয়। জামালপুর জেলা প্রশাসক মোঃ শফিউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। জামালপুর জেলার গণমাধ্যমকর্মীদের সাথে স্মার্ট বাংলাদেশ নির্মাণে করণীয় বিশ্লেষণ এর পাশাপাশি আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের পারস্পরিক সহযোগিতা, সমন্বয়, আন্তরিকতা বৃদ্ধির লক্ষ্যে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

### ০৩। ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১৫ অক্টোবর) টুর্নামেন্টের ফাইনাল খেলা ও খেলা শেষে পুরস্কার বিতরণ করা হয়। প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের আয়োজনে নগরীর সার্কিট হাউজ মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

### ০৪। সনাতন ধর্মাবলম্বীদের পূজা-অর্চনা চলছে

মহালয়ার মধ্য দিয়ে রবিবার (১৪ অক্টোবর) শুরু হলো শারদীয় দুর্গোৎসব। যদিও ২০ অক্টোবর ষষ্ঠীপূজার মধ্য দিয়ে শুরু হবে মূল আনুষ্ঠানিকতা। ঐদিন থেকে পাঁচ দিনের এই উৎসব শেষ হবে আগামী ২৪ অক্টোবর বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে। ময়মনসিংহের গৌরীপুর উপজেলার দশটি ইউনিয়ন ও পৌরসভায় এবার বেড়েছে পূজামন্ডপ। মন্ডপে মন্ডপে প্রতিমার সাজসজ্জায় ব্যস্ত মৃৎশিল্পীরা। ধোবাউড়ায় আসন্ন এই উৎসবকে ঘিরে ব্যস্ত সময় পার করছেন প্রতিমা কারিগররা। উপজেলায় মোট ৩৩টি পূজামন্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। নেত্রকোনার কলমাকান্দা উপজেলার আটটি ইউনিয়নের মোট ৫৭টি পূজামন্ডপে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উৎসবমুখর পরিবেশে এবারের দুর্গাপূজার আয়োজন হচ্ছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

### ০৫। ময়মনসিংহের ত্রিশালে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে অবৈধ পার্কিং ও থ্রি হুইলার বন্ধে অভিযান

রবিবার (১৫ অক্টোবর) ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে বগামারী থেকে বগারবাজার পর্যন্ত সকল ধরনের অবৈধ পার্কিং বন্ধ মহাসড়কের পাশে অবৈধ দোকানপাট রাস্তায় দাপিয়ে বেড়ানো থ্রি-হুইলার, সিএনজি বন্ধে অভিযান পরিচালনা করেছে ত্রিশাল থানা পুলিশ ও ট্রাফিক পুলিশের একটি টিম। অভিযান পরিচালনার সময় পৌরশহরে প্রবেশপথের পাশে যানজট সৃষ্টিকারী সিএনজি, অটোরিকশা ও দোকানপাট উচ্ছেদ করা হয়েছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

# সম্পাদকীয়

**(ক)** **দৈনিক সবুজ:** আমাদের দেশের হাসপাতাল ও ক্লিনিকগুলোতে পর্যাপ্ত ও উপযুক্ত মানসম্পন্ন নার্স ও মিডওয়াইফদের সংকট রয়েছে। প্রয়োজনের মাত্র ২২ শতাংশ নার্স আছে দেশে। নার্স ঘাটতি পূরণে সরকারের নার্সিং সেক্টরকে গুরুত্ব দেয়া, অর্থ বিনিয়োগ করা ও সে অনুযায়ী বেশি নার্স নিয়োগ দেয়া এবং কর্মক্ষেত্রে নার্সদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

**(খ)** **দৈনিক স্বদেশ সংবাদ:** আজ ১৬ অক্টোবর বিশ্ব খাদ্য দিবস। একটি দেশের নাগরিকদের পাঁচটি মৌলিক চাহিদাগুলোর মধ্যে খাদ্য অন্যতম। পৃথিবীর অন্যান্য দেশগুলোতে মানুষ যখন অর্গানিক আর ভেজালবিহীন খাবারের দিকে ঝুঁকছে, সেখানে আমাদের দেশে চলছে খাদ্যে ভেজাল মেশানোর তুমুল প্রতিযোগিতা। ভেজালযুক্ত খাবার গ্রহণের কারণে জনগণ স্বাভাবিকভাবেই দীর্ঘমেয়াদী স্বাস্থ্যঝুঁকিতে ভুগছে। সবচেয়ে বেশি স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে অগণিত শিশু। দেশ ও জাতির কল্যাণের জন্য সরকারকে সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিত করতে হবে

**(খ)** **দৈনিক স্বজন:** এবারের টানা বৃষ্টি ও ভারত থেকে নেমে আসা ঢলে সারাদেশে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। সারাদেশের বিভিন্ন জেলায় ২ লাখ হেক্টরের বেশি আমন ধানের জমি তলিয়ে গেছে। আমন উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে দেখা দিয়েছে শঙ্কা। এর ফলে খাদ্য নিরাপত্তাও হুমকিতে পড়তে পারে। টানা বৃষ্টি ও বন্যায় যে ক্ষতি হয়েছে তা পূরণে দ্রুত পদক্ষেপ নিতে হবে এবং কৃষকের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে সরকারকে করতে হবে সর্বাত্মক সহায়তা।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। বিশ্বের সঙ্গে বাংলাদেশের যোগাযোগ বৃদ্ধি- অনুপ সিনহা। (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)

০২। জায়গাটা ফিলিস্তিনিদের দখলদার ইসরায়েল- ড. মাহবুব হাসান (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।